



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ৫২৫/গোপাল/ ২৩২৬

তারিখ: ২৭/১১/১৭

বিষয়: নিম্ন মাধ্যমিক প্রাথমিক পাঠদান ও নবম শ্রেণি খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের ১৯/১১/২০১৭ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০৩৪.১৭.১০৮৩।

এতদ্বারা বিদ্যালয় কর্তৃপক্ষকে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে, মৌলিক শর্তাবলি পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তে ০১/০১/২০১৭ তারিখ হতে ৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক প্রাথমিক পাঠদান ও নিম্নবর্ণিত বিষয়সমূহ পড়ানোর অনুমোদনসহ মানবিক শাখায় নবম শ্রেণি খোলার অনুমতি প্রদান করা হলো।

- ১। আবশ্যিক বিষয়সমূহ: (ক) বাংলা, (খ) ইংরেজি, (গ) গণিত, (ঘ) ধর্ম ও নৈতিক শিক্ষা, (ঙ) সাধারণ বিজ্ঞান, (চ) শারিরিক শিক্ষা স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা, (ছ) বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা, (জ) ভূগোল ও পরিবেশ, (ঝ) অর্থনীতি/পৌরনীতি ও নাগরিকতা, (ঞ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়।
- ২। ঐচ্ছিক বিষয়: (যে কোন ১টি) পাঠ্যক্রম অনুযায়ী।

শর্তসমূহ:

- ১। নবম শ্রেণি খোলার অনুমতিকে কোন অবস্থাতে স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- ২। এ পত্র ইস্যুর তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এডহক কমিটি গঠনের প্রস্তাব বোর্ডে পাঠাতে হবে।
- ৩। বিদ্যালয়ের নবম/১৭ সনের ছাত্র-ছাত্রীদের নাম রেজিস্ট্রেশনের জন্য বোর্ডে যোগাযোগ করতে হবে।
- ৪। বিদ্যালয়ের কোড নম্বরপ্রাপ্তির জন্য বিদ্যালয়ের নাম ও ঠিকানা ইংরেজি ক্যাপিটাল লেটারে লিখে দাখিল করতে হবে।
- ৫। বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থী ও ফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত হলে মাধ্যমিক একাডেমিক স্বীকৃতি প্রদানের বিষয় বিবেচনা করা হবে।
- ৬। স্টাফিং প্যাটার্ন অনুযায়ী বিদ্যালয়ে নিবন্ধনকৃত শিক্ষক নিয়োগ করতে হবে। বিদ্যালয়ের কর্মরত শিক্ষকদের পর্যায়ক্রমে প্রশিক্ষণে পাঠাতে হবে।
- ৭। বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডের অনুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না।
- ৮। বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করাসহ শিক্ষার গুণগতমান বৃদ্ধি করতে হবে।
- ৯। বিদ্যালয়ের আঙ্গিনায় ছোট-বড় বৃক্ষ রোপন করে পরিচর্যা ব্যবস্থা করতে হবে।
- ১০। সরকারি নির্দেশনা অনুযায়ী এবং এনসিটিবি কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
- ১১। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ১২। নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর এ.টি.এম. মইনুল হোসেন
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

প্রাপক: প্রধান শিক্ষক

শেখ রাসেল উচ্চ বিদ্যালয়
পোঃ- + উপজেলা- সদর
জেলা- গোপালগঞ্জ।

মেমো নং- ২৩২৬ (২০)

তারিখ: ২৭/১১/১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরিচালক, পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, টেক্সট বুক বোর্ড ভবন, মতিঝিল, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ৫। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর, গোপালগঞ্জ।
- ৭। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। জেলা শিক্ষা অফিসার, গোপালগঞ্জ।
- ১০। অফিস কপি।

২৩.১১.১৭

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

২৩.১১.১৭